

ফাতওয়া নম্বর: ৪২৩

প্রকাশকাল: ২৬-১১-২০২৩ ইং

ইমামের সঙ্গে এক রাকাত পেলে বাকি নামায আদায়ের পদ্ধতি কী?

প্রশ্ন:

আমি চার রাকাত বিশিষ্ট নামাযে ইমামের সঙ্গে মাত্র এক রাকাত পেয়েছি। এ অবস্থায় ইমামের সালাম ফিরানোর পর বাকি নামায কীভাবে আদায় করবো? এক রাকাত পড়েই বৈঠক করবো? না, দুই রাকাত পড়ে?

-মুহাম্মাদ সুমন

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

আপনি ইমামের সঙ্গে এক রাকাত পেলে, ইমামের সালামের পর দাঁড়িয়ে সূরা ফাতেহা ও কেয়াতসহ এক রাকাত পড়ে প্রথম বৈঠক করবেন। তার পরের রাকাতে সূরা ফাতেহা ও কেয়াতসহ এবং এর পরের রাকাতে শুধু সূরা ফাতেহা পড়ে শেষ বৈঠক করবেন। এভাবে আপনার মোট বৈঠক হবে তিনটি।-আল-বাহরুর রায়েক: ১/৪০২ (দারুল কিতাবিল ইসলামী); ফাতহুল কাদীর: ১/৩৯১ (দারুল ফিকর); আল-ফাতাওয়াল হিন্দিয়া: ১/৯১ (দারুল ফিকর); দুরারুল হক্কাম: ১/৯৩ (দারুল ইহয়াউল কুতুব); রদ্দুল মুহতার: ১/৫৯৬ (দারুল ফিকর)

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আল-মাহদি (উফিয়া আনহু)

৩০-০৪-১৪৪৫ হি.

১৫-১১-২০২৩ ঙ.

